

ঢাকা বোর্ডের শীর্ষ ২০ প্রতিষ্ঠানকে সম্মাননা পাবলিক পরীক্ষায় গুণগত পরিবর্তন এসেছে: শিক্ষামন্ত্রী

যায়যায়দিন রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, এদেশের পাবলিক পরীক্ষায় গুণগত পরিবর্তন এসেছে। ২০১১ সালের অধিক প্রতিষ্ঠানে এখন ৫০ ভাগ শিক্ষার্থী পাস করে। পাবলিক পরীক্ষায় ভালো প্রতিষ্ঠানের মাপকাঠি পরিবর্তন করে সর্বজনীন করা হয়েছে। অধিকাংশ সঠিক করার প্রচেষ্টা চালানো হবে। নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত পরীক্ষায় রাজধানী ও বিজয়পুর শহরের বাইরের অনেক শিক্ষা প্রতিষ্ঠান এখন ভালো ফলাফল করছে।

মঙ্গলবার ঢাকা শিক্ষা বোর্ড আয়োজিত জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় শীর্ষ ২০ প্রতিষ্ঠানকে সম্মাননা প্রদান অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এ কথা বলেন।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ফাহিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. এস এম ওয়ালিদুল্লাহমান, সিটি কলেজের গভর্নিং বডি'র সভাপতি ড. ফরাস উদ্দিন, ঢাকা কমান্ড কলেজের সভাপতি প্রফেসর শফিকুল আহমেদ সিদ্দিকি, ঢাকা নটরডেম কলেজের অধ্যক্ষ প্যাট্রিক ডি কস্তা, ঢাকা কলেজের অধ্যক্ষ আয়েশা বেগম প্রমুখী বক্তৃতা করেন।

এখন আর পঞ্চম ও অষ্টম শ্রেণীতে বৃত্তি পরীক্ষা দিতে হচ্ছে না উল্লেখ করে শিক্ষামন্ত্রী নাহিদ বলেন, এখন সব শিক্ষার্থীর প্রতি যত্ন নিয়ে ভালো ফলাফল করানোর চেষ্টা করা হয়। এসএসসি ও এইচএসসি পরীক্ষার তারিখ পূর্ব নির্ধারিত ও সুনির্দিষ্ট করা আছে। তা যথাক্রমে ফেব্রুয়ারি ও ১ এপ্রিল। ফলাফল ৬০ দিনের মধ্যে দেয়া হচ্ছে। নকলমুক্ত পরীক্ষার পাশাপাশি এখন পরীক্ষা হয় উৎসবমুখর পরিবেশে। তিনি বলেন, জাতীয় শিক্ষানীতির আলোকে বর্তমান সরকার এ দেশের সম্মাননা : পৃষ্ঠা ১৫ কলাম ৪

সম্মাননা : প্রতিষ্ঠানকে

(শেষ পৃষ্ঠার পর)

শিক্ষা ব্যবস্থায় একটি গুণগত পরিবর্তন সাধন করতে সক্ষম হয়েছে। এখন প্রতিবছর জানুয়ারি প্রথমিক ও মাধ্যমিক স্তরের সোয়া তিন কোটি ছাত্রছাত্রীর মধ্যে ২০ কোটি নতুন বই হলে দিয়ে গ্রাস শুরু করা, ১৭জুলাই কলেজের গ্রাস শুরু করা, সূর্যনগীপ পত্রটির গ্রন্থপত্র চালু, কারিকুলাম যুগোপযোগী করা, সমস্তরে তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করা হয়েছে।

এরপর হুগো জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় শীর্ষ ২০ প্রতিষ্ঠানকে সম্মাননা প্রদান করেন। প্রথমত, ২০১১ সালের জেএসসি পরীক্ষায় শীর্ষ ২০ শিক্ষাপ্রতিষ্ঠান : প্রথম রাজউক উত্তরা মডেল কলেজ, দ্বিতীয় মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, তৃতীয় মিরজাপুর ক্যাডেট কলেজ, চতুর্থ ডিকারননিসা নুন স্কুল অ্যান্ড কলেজ, পঞ্চম ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ষষ্ঠ ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, সপ্তম বিদ্যামণ্ডল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, অষ্টম ঘাটাইল ক্যাটনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ টাঙ্গাইল, নবম সেন্ট জোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, দশম ময়মনসিংহ জেলা স্কুল, ১১তম হুগো গার্লস হাই স্কুল, ১২তম বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ, ১৩তম মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ১৪তম মতিঝিল সরকারি কলেজ উচ্চ বিদ্যালয়, ১৫তম সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ, ১৬তম এন কে এম হাই স্কুল অ্যান্ড হোমস নরসিংদী, ১৭তম উত্তরা হাই স্কুল, ১৮তম বিশ্বাসিনী সরকারি কলেজ উচ্চ বিদ্যালয়, ১৯তম গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল এবং ২০তম টঙ্গী শক্তিউদ্দিন সরকার প্রকোডেমি অ্যান্ড কলেজ।

২০১২ সালের এসএসসি পরীক্ষায় শীর্ষ ২০ শিক্ষাপ্রতিষ্ঠান : প্রথম রাজউক উত্তরা মডেল কলেজ, দ্বিতীয় সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ, তৃতীয় ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, চতুর্থ ডিকারননিসা নুন স্কুল অ্যান্ড কলেজ, পঞ্চম ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ষষ্ঠ মিরজাপুর ক্যাডেট কলেজ, সপ্তম মতিঝিল সরকারি কলেজ উচ্চ বিদ্যালয়, অষ্টম মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, নবম ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, দশম ময়মনসিংহ কলেজ, ১১তম গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ১২তম মতিঝিল মডেল হাই স্কুল অ্যান্ড কলেজ, ১৩তম হুগো গার্লস হাই স্কুল, ১৪তম সেন্ট জোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ১৫তম উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ১৬তম মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ১৭তম ঘাটাইল ক্যাটনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, ১৮তম বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ১৯তম শহীদ বীর উত্তম স্কে. অরনোয়ার গার্লস কলেজ এবং ২০তম খানবতি সরকারি কলেজ উচ্চ বিদ্যালয়।

২০১২ সালের এইচএসসি পরীক্ষায় শীর্ষ ২০ শিক্ষাপ্রতিষ্ঠান : প্রথম রাজউক উত্তরা মডেল কলেজ, দ্বিতীয় আব্দুল কাদির মোস্তাফিজ, তৃতীয় ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, চতুর্থ ডিকারননিসা নুন স্কুল অ্যান্ড কলেজ, পঞ্চম নটরডেম কলেজ, ষষ্ঠ ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, সপ্তম মিরজাপুর ক্যাডেট কলেজ, অষ্টম ঢাকা সিটি কলেজ, নবম ন্যাশনাল আইডিয়াল কলেজ, দশম এস ও এস হায়ম্যান মেইনার কলেজ, ১১তম মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ১২তম হুগো গার্লস কলেজ, ১৩তম ক্যামব্রিয়ান কলেজ, ১৪তম শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ১৫তম ঢাকা কলেজ, ১৬তম শহীদ বীরউত্তম স্কে. অরনোয়ার গার্লস কলেজ, ১৭তম বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ১৮তম ঢাকা কমান্ড কলেজ, ১৯তম সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ এবং ২০তম আদমজী ক্যাটনমেন্ট কলেজ।